গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩ উমেশ দত্ত রোড, বকশি বাজার, ঢাকা-১২১১
www.prison.gov.bd

পত্র নং-৫৮.০৪.০০০০.০২২.১২.০১৪.২০২৫-২৭০

তারিখ: ১৮ জ্যৈষ্ঠ ১৪৩২
০১ জুন ২০২৫

**বিষয়: কারা মহাপরিদর্শক, অতিরিক্ত কারা মহাপরিদর্শক ও কারা উপ-মহাপরিদর্শক মহোদয়ের কারাগার পরিদর্শনকালে সফরসঙ্গী হিসেবে প্রটোকলের দায়িত্বে নিয়োজিত নিরাপত্তা কর্মীদের আপ্যায়ন প্রসঙ্গে।**

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য যাচ্ছে যে, কারা মহাপরিদর্শক, অতিরিক্ত কারা মহাপরিদর্শক ও কারা উপ-মহাপরিদর্শক মহোদয়ের কারাগার পরিদর্শনকালে উর্ধ্বতন কর্মকর্তা হিসেবে সাধারণত স্থানীয় সার্কিট/গেস্ট হাউজে আপ্যায়নের ব্যবস্থা করা হয়ে থাকে। সাধারনত আপ্যায়ন অব্যবহিত পরেই পরিদর্শনকারী পরবর্তী গন্তব্যে রওয়ানা দেন বিধায় সফরসঙ্গী হিসেবে প্রটোকলের দায়িত্বে নিয়োজিত নিরাপত্তা কর্মীদের আপ্যায়ন ব্যহত হয়। এই প্রেক্ষাপটে পরিদর্শন চলাকালে নিরাপত্তা কর্মীরা যেহেতু কারাগারের বাহিরে উপস্থিত থাকেন সেহেতু ঐ সময় আপ্যায়ন করা হলে আপ্যায়ন ব্যবস্থা ব্যহত হবেনা। তাই, কর্মকর্তাগণের আপ্যায়নের পূর্বে সফরসঙ্গী হিসেবে প্রটোকলের দায়িত্বে নিয়োজিত নিরাপত্তা কর্মীদের কারাগারে পৃথকভাবে আপ্যায়নের অথবা প্রয়োজন অনুযায়ী প্যাকেটজাত খাবার সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য, সার্কিট হাউজ/গেস্ট হাউজে শুধুমাত্র কর্মকর্তাগণই আপ্যায়নে অংশ গ্রহণ করবেন। এক্ষেত্রেও মেনু একইরকম রাখার জন্য নির্দেশনা প্রদান করা হলো।

০১.০৬.২৫
মোহাম্মদ মোস্তফা কামাল
কর্নেল
অতিরিক্ত কারা মহাপরিদর্শক
পক্ষে-কারা মহাপরিদর্শক
ফোন: ৫৭৩০০২২২ (দপ্তর)
addl.ig@prison.gov.bd

সিনিয়র জেল সুপার/জেল সুপার
সকল কেন্দ্রীয়/জেলা কারাগার।

**অনুলিপি:**
১. কারা উপ-মহাপরিদর্শক, সকল বিভাগ;
২. কমান্ড্যান্ট, কারা প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী;
৩. সহকারী কারা মহাপরিদর্শক (সকল), কারা অধিদপ্তর, ঢাকা;
৪. জেল সুপার, প্রিজন্স ইন্টেলিজেন্স ইউনিট, কারা অধিদপ্তর, ঢাকা;
৫. ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারা অধিদপ্তর, ঢাকা। **পত্রটি কারা অধিদপ্তরের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।**
৬. প্রশাসনিক কর্মকর্তা (সকল), বাজেট অফিসার/পরিসংখ্যানবিদ/স্টাফ অফিসার/ডেপুটি জেলার (সকল), কারা অধিদপ্তর, ঢাকা;
৭. শাখা প্রধান, সকল শাখা, কারা অধিদপ্তর, ঢাকা ;
৮. কারা মহাপরিদর্শক/অতিরিক্ত কারা মহাপরিদর্শক/কারা উপ-মহাপরিদর্শক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারা অধিদপ্তর, ঢাকা;
৯. গার্ড ফাইল।

সার্কুলার (১১.০২.২০২৫)